57

দৈনিক বাংলা

তারিখ 08 APR 1996 ... ...
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ৬ ......

# এসএসসি ও দাখিল পরীক্ষা ঃ প্রথম দিনে বহিষ্কার ৬১১

**ষ্টাফ রিপোর্টার ঃ** গতকাল রোববার সারাদেশে শান্তিপূর্ণ পরিবেশে এসএসসি ও দাখিল পরীক্ষা অনুষ্ঠিত হয়। গতকাল বাংলা প্রথম পত্রের পরীক্ষা অনুষ্ঠিত হয়। পরীক্ষা চলাকালে দেশের কোথাও কোন অপ্রীতিকর ঘটনা বা বিশৃংখলার খবর পাওয়া যায়নি।

পরীক্ষায় অসদুপায় অবলম্বনের দায়ে দেশের বিভিন্ন স্থানে মোট ৬১১ জন এসএসসি পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে বলে জানা গেছে। এদের মধ্যে ঢাকা বোর্ডে ১১৩ জন, রাজশাহী বোর্ডে ৩২৩ জন, যশোর বোর্ডে ২৭ জন, চট্টগ্রাম বোর্ডে ১০৯ জন এবং কুমিল্লা বোর্ডে ৩৯ জন।

ঢাকা বোর্ড কন্ট্রোল রুম সূত্রে জানা গেছে, বোর্ডের ১৮টি জেলার মধ্যে ১৩টি জেলার এসএসসি পরীক্ষায় অসদুপায় অবলম্বনের দায়ে বহিষ্কারের খবর পাওয়া গেছে। বহিষ্কৃতরা হচ্ছে গাজীপুর ৩ নরসিংদী–১, মুন্সীগঞ্জ–২, মানিকগঞ্জ–১০, ময়মনসিংহ–১৬, জামালপুর–১৩, নেত্রকোনা–৪৪, শেরপুর–২, ফরিদপুর–২, গোপালগঞ্জ–১, রাজবাড়ি–৪, মাদারীপুর–৩ এবং শরিয়তপুরে–১৩ জন।

যশোর ব্যুরো জানায়, মাধ্যমিক পরীক্ষার প্রথম দিন যশোর শিক্ষা বোর্ডের বিভিন্ন কেন্দ্র থেকে ২৭ জন পরীক্ষার্থীকে

(৫-এর পৃঃ দ্রঃ)

(প্রথম পৃষ্ঠার পর) **এসএসসি ও দাখিল পরীক্ষা ঃ প্রথম দিনে বহিষ্কার ৬১১**

বহিষ্কার করা হয়েছে। শিক্ষা বোর্ডের কন্ট্রোল রুম থেকে এ সংবাদ জানানো হয়।

বহিষ্কৃতদের মধ্যে ভোলায়–৯, বরগুনায়–১, নড়াইলে–১, মাগুরায়–১৫ ও যশোরে–১ জন পরীক্ষার্থী রয়েছে। মাগুরায় একজন ভুয়া পরীক্ষার্থী আটক হয়েছে। বরগুনায় ১ জন পরীক্ষার্থী পরীক্ষার খাতা জমা না দিয়ে তা সঙ্গে নিয়ে পালিয়ে যায়। কোথাও কোন অপ্রীতিকর ঘটনার খবর পাওয়া যায়নি।

রাজশাহী অফিস জানায়, রাজশাহী শিক্ষা বোর্ডের অধীনে অনুষ্ঠিত চলতি এসএসসি পরীক্ষা সোমবার শান্তিপূর্ণভাবে অনুষ্ঠিত হয়েছে। বোর্ডের অধীন ১৬টি জেলার মধ্যে ৮টি জেলার খবর বোর্ডের কন্ট্রোল রুম সূত্রে পাওয়া গেছে। ৮টি জেলায় মোট ৩শ' ২৩ জন পরীক্ষার্থীকে অসদুপায় অবলম্বনের দায়ে বহিষ্কৃত করা হয়েছে এবং ৩শ' ৩৮ জন পরীক্ষার্থী অনুপস্থিত ছিল বলে জানা গেছে। সবচেয়ে বেশী বহিষ্কার ও অনুপস্থিত ছিল দিনাজপুরে। এই জেলায় মোট ১শ' ৯৩ জনকে বহিষ্কার করা হয় এবং ৮৮ জন অনুপস্থিত ছিল। এছাড়া নাটোরে ৩ জন, নওগাঁয় ১৭, পাবনায় ৬ জন, বগুড়ায় ৪৭, গাইবান্ধায় ৩৪, নীলফামারীতে ১৯ এবং পঞ্চগড়ে ৪ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে।

ষ্টাফ রিপোর্টার চট্টগ্রাম থেকে জানান, চট্টগ্রাম শিক্ষা বোর্ডের অধীনে এসএসসি পরীক্ষার প্রথম দিনে চট্টগ্রামের বিভিন্ন কেন্দ্রে অসদুপায় অবলম্বনের অভিযোগে ৯১ জনকে বহিষ্কার করা হয়েছে। হাটহাজারী কলেজ কেন্দ্রে একদল উচ্ছৃংখল যুবক জোর করে ঢোকার প্রচেষ্টা চালায়। নগরীর বিভিন্ন কেন্দ্রে কড়া নিরাপত্তা ব্যবস্থা গ্রহণ করা হয়।

বান্দরবান থেকে সংবাদদাতা জানান, লামা কেন্দ্রে ৫ জনকে বহিষ্কার করা হয়েছে।

ষ্টাফ রিপোর্টার কক্সবাজার থেকে জানান, সেখানে ৩২ জনকে বহিষ্কার করা হয়েছে।

নিজস্ব সংবাদদাতা ঝালকাঠি থেকে জানান, রোববার ঝালকাঠি জেলার বিভিন্ন কেন্দ্র থেকে ১ জন এসএসসি এবং ৫ জন দাখিল পরীক্ষার্থীকে অসদুপায়ের জন্য বহিষ্কার করা হয়েছে। অন্যদিকে, প্রবেশপত্র না আসায় নলছিটি থানার হাড়িখালী দারুল উলুম সিনিয়র মাদ্রাসার ৮ জন দাখিল পরীক্ষার্থী পরীক্ষা দিতে পারেনি বলে জানা গেছে।